

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিস কমিশন সচিবালয়
১৫, কলেজ রোড, ঢাকা-১০০০



নং-১০.০৩.০০০০.০০১.১১.০০৭.২৩.২৭৬

তারিখ : ২৩ আশ্বিন, ১৪৩৩
০৮ অক্টোবর, ২০২৬

‘গাড়িচালক’ পদে ব্যবহারিক পরীক্ষার ফলাফল ও মৌখিক পরীক্ষার সময়সূচি সংক্রান্ত বিজ্ঞপ্তি

বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিস কমিশন সচিবালয়ে ‘গাড়িচালক’ পদে নিয়োগ নিমিত্ত গত ০৫.১০.২০২৬ তারিখ গৃহীত ব্যবহারিক পরীক্ষায় উত্তীর্ণ নিম্নোক্ত রোল নম্বরধারী ১০ (দশ) জন প্রার্থীর রোল ও র‍্যাম্প টেস্ট এবং মৌখিক পরীক্ষা আগামী ১৩.১০.২০২৬ তারিখ মঙ্গলবার সকাল ১১.০০ ঘটিকা হতে বিচার প্রশাসন প্রশিক্ষণ ইনস্টিটিউট, ১৫, কলেজ রোড, ঢাকা এ গ্রহণ করা হবে :

১৩০০০০২৩	১৩০০০০৫৫	১৩০০০১৪০	১৩০০০১৪৯	১৩০০০১৭৪
১৩০০০১৭৬	১৩০০০২২২	১৩০০০২৩৫	১৩০০০২৩৮	১৩০০০২৫৭

প্রার্থীদের জন্য অবশ্য পালনীয় নির্দেশাবলি :

- প্রার্থীদের অবশ্যই পরীক্ষা শুরুর নির্ধারিত সময়ের ৩০ (ত্রিশ) মিনিট পূর্বে কমিশন সচিবালয়ে উপস্থিত হতে হবে;
- মৌখিক পরীক্ষার সময় নিম্নবর্ণিত কাগজপত্র এবং ০১ (এক) সেট ফটোকপি (অফসেট A4 কাগজে ১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত) সঙ্গে আনতে হবে-
 - অনলাইনে দাখিলকৃত Application Form এবং প্রবেশপত্রের রঙিন কপি;
 - সম্প্রতি তোলা রঙিন ০২ (দুই) কপি পাসপোর্ট সাইজের ছবি;
 - শিক্ষাগত যোগ্যতার সমর্থনে সকল মূল সার্টিফিকেট এবং ০১ (এক) সেট ফটোকপি;
 - মূল জাতীয় নাগরিক পরিচয়পত্র (এনআইডি) ও বৈধ পেশাদার ড্রাইভিং লাইসেন্স;
 - ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান বা পৌরসভার মেয়র বা সিটি কর্পোরেশনের ওয়ার্ড কমিশনারের নিকট হতে মূল নাগরিকত্ব সনদ এবং উক্ত সনদের ফটোকপি;
 - ১ম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত মূল চারিত্রিক সনদ;
 - মুক্তিযোদ্ধা কোটায় আবেদনকারী প্রার্থীর ক্ষেত্রে সরকারের সর্বশেষ সিদ্ধান্ত অনুসারে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক প্রদত্ত মুক্তিযোদ্ধা, শহীদ মুক্তিযোদ্ধা ও বীরোদ্ভব সন্তানদের মুক্তিযোদ্ধা সনদপত্র;
 - ক্ষুদ্র নৃ-গোষ্ঠী এবং শারীরিক প্রতিবন্ধী ও তৃতীয় লিঙ্গের প্রার্থীদের সর্বশেষ সরকারি নীতিমালা অনুযায়ী উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদপত্রের মূল কপি এবং উহার ফটোকপি।
- লিখিত পরীক্ষায় ব্যবহৃত প্রবেশপত্র রোল ও র‍্যাম্প টেস্ট এবং মৌখিক পরীক্ষায় অবশ্যই প্রদর্শন করতে হবে;
- অনিবার্য কারণবশতঃ কমিশন রোল ও র‍্যাম্প টেস্ট এবং মৌখিক পরীক্ষার তারিখ ও সময়সূচি পরিবর্তনের অধিকার সংরক্ষণ করে;
- এতদসংক্রান্ত বিস্তারিত তথ্যাবলী কমিশনের ওয়েবসাইটে (www.bjsc.gov.bd) পাওয়া যাবে।

স্বাক্ষরিত/-

(মোহাম্মদ সাইফুর রহমান মজুমদার)

উপসচিব (জেলা ও দায়রা জজ)

বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিস কমিশন সচিবালয়

ও

সভাপতি, অভ্যন্তরীণ শূন্যপদে নিয়োগ সংক্রান্ত বাছাই কমিটি